

Ex/CBCS/BNG/UG/CORE/2.1/2019.

কলাস্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৯
(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)
সাম্মানিক বাংলা
বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)
কোর্স : ইউ.জি. : কোর ২.১

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

সব প্রশ্নের মান সমান।

১. ক্রম অনুসারে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের খণ্ডগুলির নামোল্লেখ করো। এই কাব্যে সামাজিক জীবনের যে খণ্ডচিত্র পাওয়া যায় তা সংক্ষেপে উল্লেখ করো।

৩+৭=১০

অথবা

২. মধ্যযুগে বাংলায় অনুবাদ কাব্য রচনার প্রধান কারণগুলি কী কী বলে তোমার মনে হয়? প্রাক-চৈতন্য ও চৈতন্যোত্তর যুগে মহাভারত অনুবাদে যে প্রধান বৈশিষ্ট্যগুলি দেখা যায় তা কারণসহ উল্লেখ করো।

২+৬+২=১০

৩. প্রাক-চৈতন্য ও চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব পদাবলির তুলনামূলক পরিচয় দাও।

১০

অথবা

৪. 'গোবিন্দদাসকে দ্বিতীয় বিদ্যাপতি' হিসেবে বিবেচনার কারণগুলি কী কী বলে তোমার মনে হয়? তুমি কি এই বিবেচনার সঙ্গে এক মত? যুক্তিসহ নিজের মতামত লেখো।

৭+৩=১০

(Turn over)

(2)

৫. মনসামঙ্গলের পুথির ব্যাপ্তির কারণগুলি কী কী বলে তোমার মনে হয়? পূর্ব ও পশ্চিমবঙ্গের মনসামঙ্গল কাব্যধারার প্রধান দুজন কবির নাম লেখো। এঁদের মধ্যে যেকোনো একজন কবির রচনার সংক্ষিপ্ত পরিচয় দাও।

২+২+৬

অথবা

৬. সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) ২x৫=১০
- ক. দ্বিজমাধব
খ. 'শ্রীকৃষ্ণবিজয়'
গ. 'অন্নদামঙ্গল'

৭. 'জঙ্ঘনামা' কি শুধুই যুদ্ধকাব্য? কবির নামসহ তোমার পড়া জঙ্ঘনামাগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩+৭

অথবা

৮. যে কোনো দুটি বিষয়ে সংক্ষিপ্ত পরিচয় দাও। ২x৫
- ক. যয়নবের চৌতিশা
খ. সিকান্দারনামা
গ. গুলে-বকাউলি
ঘ. নসিয়তনামা